# ফিলিপস ইন্ডিয়া লিমিটেড


**CIN:** U31902WB1930PLC006663

**রেজিস্টার্ড অফিস:** ফ্লোর নং ৩, টাওয়ার 'এ', ডিএলএফ আইটি পার্ক,
০৮ ব্লক এএফ মেজর আর্টেরিয়াল রোড,
নিউ টাউন (রাজারহাট), কলকাতা– ৭০০১৫৬, পশ্চিমবঙ্গ

**ফোন:** +৯১ ১২৪ ৪৬০৬০০০; **ই-মেল:** ISC_philipslegal@philips.com

**ওয়েবসাইট:** www.philips.co.in


## নোটিস

এতদ্দ্বারা এই নোটিস জারি করা হচ্ছে যে, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ('অ্যাক্ট'), সঙ্গে পঠনীয় এর অধীনে রচিত রুলসমূহ এবং মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স দ্বারা জারিকৃত ৮ এপ্রিল, ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ১৪/২০২০; ১৩ এপ্রিল, ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ১৭/২০২০; ৫ মে, ২০২০ তারিখের জেনারেল সার্কুলার নং ২০/২০২০; ১৩ জানুয়ারি, ২০২১ তারিখের জেনারেল সার্কুলার নং ০২/২০২১; ২১ ডিসেম্বর, ২০২১ তারিখের জেনারেল সার্কুলার নং ১৯/২০২১; ১৪ ডিসেম্বর, ২০২১ তারিখের জেনারেল সার্কুলার নং ২১/২০২১; ৫ মে, ২০২২ তারিখের জেনারেল সার্কুলার নং ০২/২০২২; ২৮ ডিসেম্বর, ২০২২ তারিখের জেনারেল সার্কুলার নং ১০/২০২২ ও ২৫ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের জেনারেল সার্কুলার নং ০৯/২০২৩ (এখানে এর পরে 'এমসিএ সার্কুলারসমূহ' হিসেবে উল্লিখিত) ও অপর প্রযোজ্য আইনের (যদি থাকে) সংস্থানসমূহ অনুসারে ফিলিপস ইন্ডিয়া লিমিটেডের ('কোম্পানি') ৯৪তম বার্ষিক সাধারণ সভা ('এজিএম') উক্ত এজিএমের আমন্ত্রণী নোটিসে নির্ধারিত কারবারগুলি নির্বাহের জন্য শুক্রবার, ২৭ সেপ্টেম্বর, ২০২৪ সকাল ১১টা ৩০ মিনিটে (ভারতীয় প্রমাণ সময়) কোম্পানির রেজিস্টার্ড অফিসে ('সভা আয়োজনের স্থান হিসেবে গণ্য হবে') সদস্যদের শারীরিক উপস্থিতি ছাড়াই ভিডিও কনফারেন্স ('ভিসি')/ অন্যান্য দৃশ্য-শ্রাব্য উপায়ে ('ওএভিএম') আয়োজিত হবে।

এমসিএ সার্কুলারসমূহ এবং উক্ত অ্যাক্ট ও এর অধীনে রচিত রুলসমূহের প্রাসঙ্গিক সংস্থানসমূহ অনুসারে কোম্পানি/ ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট ('ডিপোজিটরি')-এর কাছে যে সকল সদস্যের ই-মেল আইডি রেজিস্টার করানো আছে, তাঁদের সকলের প্রতি পরিচালকমণ্ডলীর প্রতিবেদন, অ্যানেক্সার ও নিরীক্ষকের প্রতিবেদন-সহ ৩১ মার্চ, ২০২৪ সমাপ্ত অর্থবর্ষের নিরীক্ষিত আর্থিক ফলাফল সম্পর্কিত বিবৃতি সংবলিত ২০২৩-২৪ অর্থবর্ষের বার্ষিক প্রতিবেদন ('বার্ষিক প্রতিবেদন') এবং ৯৪তম এজিএম-এর নোটিস ইলেকট্রনিক উপায়ে ২ সেপ্টেম্বর, ২০২৪ প্রেরণ করা হয়েছে।

কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন) রুলস, ২০১৪-এর রুল নং ২০-সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ('অ্যাক্ট')-এর ১০৮ নং ধারা এবং এমসিএ সার্কুলারসমূহ-সহ পঠনীয় ইনস্টিটিউট অফ কোম্পানি সেক্রেটারিজ অফ ইন্ডিয়া দ্বারা জারিকৃত সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ডস অন জেনারেল মিটিংস (এসএস-২) অনুসারে কোম্পানি তার সদস্যদের এজিএম-এর আগে রিমোট ই-ভোটিং এবং এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের সুবিধা দেবে। ইলেকট্রনিক উপায়ে ভোটদানে সহায়তার জন্য কোম্পানির তরফে কেফিন টেকনোলজিস লিমিটেড ('কেফিনটেক')-কে নিযুক্ত করা হয়েছে। নির্ধারিত কাট-অফ তারিখ অর্থাৎ, ২০ সেপ্টেম্বর, ২০২৪-এর নিরিখে ফিজিক্যাল বা ডিমেটিরিয়ালাইজড ফর্মে শেয়ার ধারণকারী সদস্যরা ৯৪তম এজিএমের নোটিসে নির্ধারিত সাধারণ ও বিশেষ কারবারগুলির ওপর কেফিনটেক-এর ইলেকট্রনিক ভোটিং সিস্টেমের মাধ্যমে ইলেকট্রনিক উপায়ে তাঁদের ভোট দিতে পারবেন ('রিমোট ই-ভোটিং')। সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে:

(১) ৯৪তম এজিএমের নোটিসে নির্ধারিত সাধারণ ও বিশেষ কারবারগুলি ইলেকট্রনিক উপায়ে ভোটদানের মাধ্যমে নির্বাহ করা হবে;

(২) রিমোট ই-ভোটিং শুরু হবে মঙ্গলবার, ২৪ সেপ্টেম্বর, ২০২৪ ভারতীয় প্রমাণ সময় সকাল ৯টায়;

(৩) রিমোট ই-ভোটিং শেষ হবে বৃহস্পতিবার, ২৬ সেপ্টেম্বর, ২০২৪ ভারতীয় প্রমাণ সময় বিকেল ৫টায়;

(৪) রিমোট ই-ভোটিং কিংবা ৯৪তম এজিএম চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে ভোটদানের যোগ্যতা নির্ধারিত হবে কাট-অফ তারিখ ২০ সেপ্টেম্বর, ২০২৪-এর নিরিখে;

(৫) ৯৪তম এজিএমের নোটিস প্রেরণের পর নির্ধারিত কাট-অফ তারিখ ২০ সেপ্টেম্বর, ২০২৪-এর নিরিখে কোনও ব্যক্তি কোম্পানির শেয়ার ধারণের মাধ্যমে কোম্পানি সদস্যে পরিণত হলে evoting@kfintech.com বা ISC_philipslegal@philips.com আইডি-তে অনুরোধ জানিয়ে লগইন আইডি ও পাসওয়ার্ড সংগ্রহ করে নিতে পারেন। অবশ্য, কোনও ব্যক্তি রিমোট ই-ভোটিংয়ের জন্য ইতিপূর্বেই কেফিনটেক-এর কাছে নিবন্ধীকৃত হয়ে থাকলে ভোট দেওয়ার জন্য তিনি নিজের বিদ্যমান ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করতে পারবেন।

(৬) ৯৪তম এজিএমের নোটিস প্রেরণের পর কোনও ব্যক্তি কোম্পানির শেয়ার অধিগ্রহণ করে কোম্পানির সদস্যে পরিণত হলে এবং নির্ধারিত কাট-অফ তারিখ ২০ সেপ্টেম্বর, ২০২৪-এর নিরিখে ডিম্যাট ফর্মে কোম্পানির শেয়ার ধারণ করলে, ডিম্যাট মোডে সিকিউরিটি ধারণকারী স্বতন্ত্র শেয়ারধারকদের ক্ষেত্রে নোটিসে উল্লিখিত ই-ভোটিং ও ভার্চুয়াল সভায় যোগদানের লগইন উপায়ের পদক্ষেপগুলি অনুসরণ করতে পারেন।

(৭) নির্ধারিত কাট অফ তারিখের নিরিখে কোম্পানির সদস্য নন, এমন ব্যক্তি এই নোটিসটি কেবলমাত্র তথ্য জানার খাতিরে বিবেচনা করবেন। কেবলমাত্র নির্ধারিত কাট অফ তারিখের নিরিখে কোম্পানির সদস্যদের রেজিস্টার বা ডিপোজিটরিদের কাছে রক্ষণাবেক্ষণকৃত সুবিধাভোগী স্বত্বাধিকারীগণের রেজিস্টারে নাম নথিভুক্ত থাকা ব্যক্তিরাই এজিএম-এর আগে রিমোট ই-ভোটিং এবং এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের সুবিধা পাওয়ার অধিকারী হবেন।

(৮) সদস্যরা অনুগ্রহপূর্বক এই বিষয়গুলিও খেয়াল রাখবেন যে:

(ক) ওপরে লেখা নির্ধারিত সময়সীমা অতিবাহিত হলেই কেফিনটেক দ্বারা রিমোট ই-ভোটিংয়ের মডিউলটি নিষ্ক্রিয় করে দেওয়া হবে। এর পরে, উপরিলিখিত তারিখ ও সময়সীমার বাইরে রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে সদস্যরা ইলেকট্রনিক উপায়ে ভোট দিতে পারবেন না। কোনও বিবেচনাধীন সিদ্ধান্তের ওপর কোনও সদস্য একবার ভোট দিয়ে ফেললে তিনি পরবর্তীতে তা বদলানোর বা পুনরায় ভোট দেওয়ার সুযোগ পাবেন না;

(খ) ৯৪তম এজিএমের আগে যে সকল সদস্য রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দেবেন, তাঁরা ভিসি/ওএভিএমের মাধ্যমে ৯৪তম এজিএমে যোগ দিতে পারলেও ৯৪তম এজিএম চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে পুনরায় ভোট দিতে পারবেন না;

(গ) ৯৪তম এজিএমে যোগ দেওয়া যে সকল সদস্য রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দেননি, ভোট দিতে কোনও বাধা না থাকলে তাঁরা ৯৪তম এজিএম চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে ভোট দিতে পারবেন;

(ঘ) কেবলমাত্র নির্ধারিত কাট-অফ তারিখের নিরিখে সদস্যদের রেজিস্টার বা ডিপোজিটরিদের কাছে রক্ষণাবেক্ষণকৃত সুবিধাভোগী স্বত্বাধিকারীদের রেজিস্টারে নাম নথিভুক্ত থাকা ব্যক্তিরাই রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটদান, ভিসি/ওএভিএম সুবিধার মাধ্যমে ৯৪তম এজিএমে যোগদান এবং ৯৪তম এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটদানের সুবিধা পাওয়ার যোগ্য হবেন। (a) সভার আগে রিমোট ই-ভোটিং, (b) ভিসি/ওএভিএম-এর মাধ্যমে সভায় অংশগ্রহণ ও যোগদান, (c) সভা চলাকালীন ই-ভোটিং এবং (d) ই-মেল আইডি রেজিস্ট্রেশনের উপায় বিষয়ক বিস্তারিত নির্দেশিকা এজিএম-এর নোটিসে 'নোটস' সেকশনে উপলব্ধ রয়েছে।

(৯) ২০ সেপ্টেম্বর, ২০২৪-এর ('কাট অফ ডেট') ভিত্তিতে কোম্পানির সম্পূর্ণরূপে আদায়ীকৃত ইকুইটি মূলধনে তাঁদের অংশভাগের নিরিখে সদস্যদের ভোটাধিকার নির্ণীত হবে।

(১০) ৯৪তম এজিএম-এর নোটিস এবং বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট অর্থাৎ, www.philips.co.in এবং কেফিন টেকনোলজিস প্রাঃ লিঃ-এর ওয়েবসাইট https://evoting.kfintech.com-তে উপলব্ধ রয়েছে এবং কোম্পানির কাছে লিখিতভাবে আবেদন না জানালে এই এজিএম-এর নোটিস ও বার্ষিক প্রতিবেদনের কোনও মুদ্রিত প্রতিলিপি কোনও সদস্যের প্রতি প্রেরণ করা হবে না।

(১১) ই-ভোটিং (এজিএম-এর আগে এবং এজিএম চলাকালীন) সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যার প্রয়োজনে আপনারা https://evoting.kfintech.com ওয়েবসাইটের ডাউনলোড সেকশনে উপলব্ধ 'ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চেনস (FAQs) ফর শেয়ারহোল্ডারস অ্যান্ড ই-ভোটিং ইউজার ম্যানুয়াল ফর শেয়ারহোল্ডারস' অংশটি দেখতে পারেন অথবা ১৮০০ ৩০৯ ৪০০১ (সকাল ৯টা থেকে সন্ধে ৬টার মধ্যে) টোল ফ্রি নম্বরে যোগাযোগ করতে পারেন অথবা evoting@kfintech.com আইডি-তে নিম্নলিখিত ব্যক্তির সঙ্গে যোগাযোগ করতে পারেন:

| | |
|---|---|
| নাম | মিঃ অনিল দলভি |
| পদ | ম্যানেজার |
| আরটিএ-র নাম | কেফিন টেকনোলজিস লিমিটেড |
| ঠিকানা | কেফিন টেকনোলজিস লিমিটেড<br>সেলেনিয়াম টাওয়ার 'বি', প্লট নং ৩১-৩২, গচ্চিবৌলি,<br>ফিনান্সিয়াল ডিস্ট্রিক্ট, নানাক্রমগুড়া, হায়দরাবাদ- ৫০০০৩২<br>ই-মেল আইডি: einward.ris@kfintech.com<br>ফোন নম্বর: +৯১ ৪০ ৬৭১৬ ১৬৩১ |

সদস্যরা কোম্পানির কাছে এই ই-মেল আইডি-তেও লিখে জানাতে পারেন: ISC_philipslegal@philips.com.

(১২) ফিজিক্যাল মোডে শেয়ার ধারণকারী যে সকল সদস্য কোম্পানির কাছে নিজের ই-মেল আইডি আপডেট/ রেজিস্টার করাননি, তাঁরা ISC_philipslegal@philips.com আইডি-তে ই-মেলের মাধ্যমে শেয়ারধারকের নাম, ফোলিও নম্বর, সম্পূর্ণ ঠিকানা সংবলিত ও স্বাক্ষরিত একটি অনুরোধজ্ঞাপক চিঠির স্ক্যান করানো প্রতিলিপির সঙ্গে প্যান কার্ডের স্বপ্রত্যয়িত স্ক্যান করানো প্রতিলিপি এবং সদস্যের ঠিকানার প্রমাণস্বরূপ যে কোনও একটি নথির (অর্থাৎ, ড্রাইভিং লাইসেন্স, ভোটার পরিচয়পত্র, পাসপোর্ট) স্বপ্রত্যয়িত স্ক্যান করানো প্রতিলিপি পাঠিয়ে নিজের ই-মেল আইডি আপডেট/ রেজিস্টার করিয়ে নিতে পারেন। ডিম্যাট ফর্মে শেয়ার ধারণকারী সদস্যরা নিজ নিজ ডিপোজিটরির কাছে তাঁদের ই-মেল আইডি আপডেট করিয়ে নেবেন।

রিমোট ই-ভোটিং প্রক্রিয়া এবং এজিএম চলাকালীন ই-ভোটিং সিস্টেমের মাধ্যমে ভোটদান স্বচ্ছ ও নিরপেক্ষ উপায়ে পরিচালনা নিশ্চিত করার জন্য প্র্যাকটিসরত কোম্পানি সেক্রেটারি ড. অসীম কুমার চট্টোপাধ্যায়-কে স্ক্রুটিনাইজার হিসেবে নিযুক্ত করা হয়েছে।

প্রযোজ্য আইনে নির্ধারিত সময়সীমার মধ্যে ফল ঘোষণা করা হবে এবং তা স্ক্রুটিনাইজারের সম্মিলিত প্রতিবেদন সমেত কোম্পানির ওয়েবসাইটে (www.philips.co.in) প্রকাশ করা হবে।

এজিএম-এর নোটিসে নির্ধারিত সকল দ্রষ্টব্য বিষয়গুলি এবং বিশেষত এজিএমে যোগদান ও রিমোট ই-ভোটিং বা এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের মাধ্যমে ভোটদানের নির্দেশাবলি ভাল করে পড়ে নেওয়ার জন্য সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে।

পরিচালকমণ্ডলীর আদেশ অনুসারে
**ফিলিপস ইন্ডিয়া লিমিটেড**-এর পক্ষে
**দেব কুমার ত্রিপাঠী**
পূর্ণমেয়াদি ডিরেক্টর এবং সিএফও
DIN: 10373357

**তারিখ:** ২ সেপ্টেম্বর, ২০২৪
**স্থান:** গুড়গাঁও